

২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (stakeholder)
অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	জসীম উদ্দীন হায়দার জেলা প্রশাসক, টাঙ্গাইল
সভার তারিখ	২৯.১২.২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	সদর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, টাঙ্গাইল
উপস্থিতি	পরিশিষ্ট-ক

পরিশিষ্ট-ক,

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২২-২০২৩ বাস্তবায়নকল্পে মন্ত্রণালয়ের শুদ্ধাচার কার্যক্রমে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট অংশীজন সভায় সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি ও প্রধান অতিথি মহোদয়ের সম্মতিক্রমে খাদ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব সৌরেন্দ্র নাথ সাহা (বিকল্প ফোকাল পয়েন্ট) কর্মকর্তাকে অধ্যকার অংশীজন সভার আলোচ্য বিষয়াদি উপস্থাপন করেন।

তিনি খাদ্য মন্ত্রণালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিম্নোক্ত মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত কর্মসম্পাদন ব্যবস্থাপনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সেবা প্রদান প্রতিশ্রুতি সহ শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রে দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় করণীয় কার্যক্রম ও অংশীজন সভার বিষয়াদি এবং এতদ্বিষয়ে টাঙ্গাইল জেলায় করণীয় সম্পর্কে মতামত আহবান করেন। অতঃপর খাদ্য নিরাপদতা ও নিরাপদতা (সংরক্ষণ, পুষ্টিমান) সংক্রান্ত বিষয়ে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে জনাব মনজুর মোর্শেদ, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ তথ্যউপাত্ত সহ উপস্থাপন করেন।

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা বিতরণ ও এর আলোকে জনগণকে খাদ্যের পুষ্টিমান ও বৈচিত্র্যতা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ২০৪১ এ উন্নত বাংলাদেশ বিনির্মাণে নিরাপদ খাদ্যের প্রয়োজনীয়তা সহ দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। আলোচনায় অংশ নেন বীর মুক্তিযোদ্ধা, ডেপুটি সিভিল সার্জন, খাদ্য ব্যবসায়ী, জনপ্রতিনিধি সহ সাংবাদিক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে সচিব, খাদ্য মন্ত্রণালয় ব্যক্তি ও সামাজিক পর্যায়ে খাদ্য নিরাপদতা নিশ্চিত খাদ্য মন্ত্রণালয় কর্তৃক গৃহিত সকল কার্যক্রম, অর্জন, ভবিষ্যত পরিকল্পনার বিশদ বর্ণনা দেন। তিনি জনগনকে সরকারী সেবা নিশ্চিত সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। উৎপাদন, সরবরাহ এবং সংরক্ষণ পর্যায়ে খাদ্য পুষ্টিমান বজায় রাখতে দায়িত্বশীল থাকার জন্যে সংশ্লিষ্টদের অনুরোধ জানান এবং তিনি খাদ্য বৈচিত্র্যতা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি, খাদ্য অপচয় রোধ, পরিমিত ও পুষ্টিকর খাদ্য গ্রহণ বিষয়ে যৌক্তিকতাসহ বক্তব্য রাখেন।

সভাপতি তার বক্তব্যে জনসচেতনতা বৃদ্ধি ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের প্রধান অতিথির নির্দেশনা মোতাবেক ও নিরাপদ খাদ্য নির্দেশিকার আলোকে চলমান রাখতে পরামর্শ প্রদান করেন। তিনি যথাসময়ে সেবা প্রদানে সকল জনপ্রতিনিধি ও সরকারী জনবলকে অনুরোধ জানান। অতঃপর সভায় আলোচ্যসূচী অনুসারে খাদ্য নিরাপদতা

সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নিম্নলিখিত আলোচনা ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন পরবর্তীতে জুন, ২০২৩ এর পূর্বেই প্রমানক সহ নিরাপদ খাদ্য অফিসার- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রনালয়ে প্রেরণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

১. নিরাপদ খাদ্য অফিসার জেলা প্রশাসক ও নির্বাহী ম্যাজিষ্ট্রেটদের সহযোগিতায় খাদ্য/মিষ্টির কারখানা পরিদর্শন করবেন, কারিগরদের সঠিক ব্যবস্থাপনা ধারণা প্রদান করবেন। তৎপ্রেক্ষিতে পরবর্তীতে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২. খাদ্য উৎপাদনের সাথে জড়িত খাদ্য কর্মীদের প্রশিক্ষণ প্রদান ও নিরাপদ খাদ্য অফিসার সংশ্লিষ্ট সকল দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন।
৩. খাদ্য উপকরণে অননুমোদিত রং বা ক্ষতিকর প্রিজারভেটিভ যাতে না মেশাতে পারে, সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহনে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করতে হবে।
৪. জনসচেতনতা বৃদ্ধিতে পারিবারিক খাদ্য নির্দেশিকা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান /সরকারী দপ্তর ও জনপ্রতিনিধিদের মধ্যে বিতরণ ও ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

সংযুক্তি: (সভার ছবি, 1, 2)

জসীম উদ্দীন হায়দার
জেলা প্রশাসক, টাঙ্গাইল

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৬৬.৯৯.০০৩.২২.১

তারিখ: ১৭ পৌষ ১৪২৯

০১ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়
- ৪) অতিরিক্ত সচিব, (সকল) খাদ্য মন্ত্রণালয়
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
- ৭) সিনিয়র সহকারী সচিব (সকল) খাদ্য মন্ত্রণালয়
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, টাঙ্গাইল
- ১০) নিরাপদ খাদ্য অফিসার, টাঙ্গাইল
- ১১) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

সৌরেন্দ্র নাথ সাহা

যুগ্মসচিব